# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৭

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কবরস্থান এবং গোসলখানা ব্যতীত সারা যমীনই মসজিদ।

## باب مَا جَاءَ أَنَّ الأَرْضَ كُلَّهَا مَسْجِدٌ إِلاَّ الْمَقْبُرَةَ وَالْحَمَّامَ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، وَأَبُو عَمَّارٍ الْحُسَيْنُ بْنُ حُرَيْثٍ الْمَرْوَزِيُّ قَالاَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ، عَنْ عَمْرِو بْنِ يَحْيَى، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الأَرْضُ كُلُّهَا مَسْجِدٌ إِلاَّ الْمَقْبُرَةَ وَالْحَمَّامَ " . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو وَأَبِي هُرَيْرَةَ وَجَابِرٍ وَابْنِ عَبَّاسٍ وَحُذَيْفَةَ وَأَنَسٍ وَأَبِي أُمَامَةَ وَأَبِي ذَرٍّ قَالُوا إِنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " جُعِلَتْ لِيَ الأَرْضُ مَسْجِدًا وَطَهُورًا " . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي سَعِيدٍ قَدْ رُوِيَ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ مُحَمَّدٍ رِوَايَتَيْنِ مِنْهُمْ مَنْ ذَكَرَهُ عَنْ أَبِي سَعِيدٍ وَمِنْهُمْ مَنْ لَمْ يَذْكُرْهُ . وَهَذَا حَدِيثٌ فِيهِ اضْطِرَابٌ . رَوَى سُفْيَانُ الثَّوْرِيُّ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرْسَلٌ . وَرَوَاهُ حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى عَنْ أَبِيهِ عَنْ أَبِي سَعِيدٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَرَوَاهُ مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى عَنْ أَبِيهِ قَالَ وَكَانَ عَامَّةُ رِوَايَتِهِ عَنْ أَبِي سَعِيدٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنْ أَبِي سَعِيدٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَكَأَنَّ رِوَايَةَ الثَّوْرِيِّ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَثْبَتُ وَأَصَحُّ مُرْسَلاً .

বাংলা

৩১৭. ইবনু আবী উমর ও আবূ আম্মার আল-হুসায়ন ইবনু হুরায়স আল মারওয়াযী (রহঃ) .... আবূ সাঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ কবরস্থান ও গোসলখানা ব্যতীত সারা যমীনই মসজিদ। - ইবনু মাজাহ ৭৪৫, তিরমিজী হাদিস নম্বরঃ ৩১৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী, আবদুল্লাহ ইবনু আমর, আবূ হুরায়রা, জাবির, ইবনু আব্বাস, হুজায়ফা, আনাস, আবূ উমামা ও আবূ যর্ রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। তাঁরা বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ আল্লাহ তা’আলা আমার জন্য সারা যমীনই মসজিদ ও তাহারাতের উপর হিসেবে নির্ধারণ করেছেন। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদীসটি আব্দুল আযীয ইবনু মুহাম্মাদের সনদে দুইভাবে বর্ণিত আছে। কোন কোন রাবী আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহু-এর নাম উল্লেখ করেছেন আর কোন কোন রাবী তা করেননি। এই হাদীসটিতে ইখতিরাব বিদ্যমান।

সুফইয়ান সাওরী এই হাদীসটিকে আমর ইবনু ইয়াহইয়া-তৎপিতা ইয়াহইয়া সূত্রে (মুরসাল হিসেবে) বর্ণনা করেছেন। আর হাম্মাদ ইবনু সালমা এটিকে আমর ইবনু ইয়াহইয়া-তৎপিতা ইয়াহইয়া-আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহু সূত্রে (মুত্তাসিলরূপে) বর্ণনা করেছেন। মুহাম্মাদ ইবনু ইসহাক (রহঃ)-ও এটিকে আমর ইবনু ইয়াহইয়া-তৎপিতা ইয়াহইয়া সূত্রে (মুরসালরূপে) বর্ণনা করেছেন। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ সাধারনত মুহাম্মাদ ইবনু ইসহাক (রহঃ) এই সূত্রে আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহু থেকে মুত্তাসিলরূপে হাদীস বর্ণনা করে থাকেন। কিন্তু বক্ষমান বিষয় সংক্রান্ত হাদীসটিতে তিনি আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহু-এর উল্লেখ করেন নাই। এতে বুঝা যায়, আমর ইবনু ইয়াহইয়া তৎপিতা ইয়াহইয়া সূত্রে মুরসালরূপে বর্ণিত সুফইয়ান সাওরীর রিওয়ায়াতটি অধিতর সঠিক ও বিশুদ্ধ।

## English

Abu Sa'eed Al-Khudri narrated that :
Allah's Messenger said: "All of the earth is a Masjid except for the graveyard and the washroom."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17506

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন